সংবাদ

তারিখ ৪ APR 2012
পৃষ্ঠা ১৬ কলাম ২

জনসংখ্যার ঘনত্ব বিবেচনায় —

# প্রাথমিক বিদ্যালয় স্থাপনের সুপারিশ

সংসদ বার্তা পরিবেশক

শিশুদের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে দূরত্ব বিবেচনা না করে জনসংখ্যার ঘনত্ব বিবেচনায় এনে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল জাতীয় সংসদ কমিটির ২৩তম বৈঠকে এ সুপারিশ করা হয়েছে।

বৈঠক শেষে কমিটির সদস্য আতিউর রহমান আতিক সাংবাদিকদের বলেন, দেশের জনসংখ্যা ক্রমবর্ধমান। প্রতিদিনই শিশু জন্ম নিচ্ছে। বাড়ছে জনসংখ্যার ঘনত্ব। অথচ তাদের শিক্ষা প্রদানে সরকার পূর্বঘোষিত নিয়মেই এগুচ্ছে। তিনি বলেন, প্রতি দুই কিলোমিটার অন্তর প্রাথমিক বিদ্যালয় স্থাপন করে সরকার। এ নিয়মে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করলে শিশুদের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা যাবে না। অনেক শিশুই বঞ্চিত থেকে যাবে। সেক্ষেত্রে কমিটি দূরত্ব বিবেচনা না করে জনসংখ্যার ঘনত্ব বিবেচনায় নিয়ে স্কুল স্থাপন করতে বলেছে।

সংসদ সচিবালয় সূত্র জানায়, বৈঠকে ২০১১-১২ অর্থবছরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। এ সময় মন্ত্রণালয়ের প্রাথমিক : পৃষ্ঠা : ২ ক : ৩

## প্রাথমিক : বিদ্যালয়

(১৬ পৃষ্ঠার পর)

পক্ষ থেকে জানানো হয়, চলতি অর্থবছরে প্রাথমিক ও গণশিক্ষা খাতে এডিপিতে মোট ১৩টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ৫৪ দশমিক ৫৫ ভাগ। গত অর্থবছরে এডিপিতে বরাদ্দ ছিল ২ হাজার ৪১৮ কোটি ৪৯ লাখ টাকা। চলতি অর্থবছরে এসব প্রকল্পে সংশোধিত বরাদ্দ দাঁড়ায় ২ হাজার ৪৩৯ কোটি ২২ লাখ টাকা। বৈঠকে এডিপি বাস্তবায়নে মন্ত্রণালয়কে আরও গুরুত্ব দেয়ার সুপারিশ করা হয়।

কমিটির সভাপতি আলহাজ্ব মমতাজ বেগমের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মো. আফছারুল আমীন, প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন, মো. আতিউর রহমান আতিক, আবদুল মান্নান, তালুকদার মো. ইউনুস ও জোবেদা খাতুন বৈঠকে অংশ নেন। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব একেএম আবদুল আউয়াল মজুমদারসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।